ঈশ্বরদীতে পৌর কর্মচারীদের মানববন্ধন

স্টাফ রিপোর্টার, ঈশ্বরদী: পৌর
কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা
ও পেনশন সুবিধাসহ সকল সরকারি
সুবিধা সরকারি রাজস্ব তহবিল থেকে
প্রদানের দাবিতে সোমবার (৯ মে)
দুপুরে ঈশ্বরদী পৌর কর্মকর্তা-
কর্মচারীরা শহরের পোষ্ট অফিস
মোড়ে মানববন্ধন ও পথসভা করে।

পৌর কর্মকর্তা-কর্মচারী এসোসিয়েশনের সভাপতি তৌহিদুল আলম সেলিম বিশ্বাসের সভাপতিত্বে বক্তব্য দেন, সাধারন সম্পাদক মাসুদ উল আলম, সহ-সভাপতি মুর্শেদ হাসান কল্লোল, সচিব জহুরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী আব্দুল আওয়াল, ইঞ্জিনিয়ার মোস্তাফিজুর রহমান অঞ্জন, সৈকত হাসান টোনা, আব্দুল কাদের ও আবু সাঈদ বাবলু ।

বক্তারা বলেন, সম্মানিত পৌর নাগরিকদের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সেবাদানকারী একমাত্র প্রতিষ্ঠান পৌরসভা। নগরায়নের অন্যতম বাহক, আধুনিক নগরায়ন ও ডিজিটাল রাষ্ট্র গঠনে যার ভুমিকা অনিস্বীকার্য।

উপজেলাসহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীরা সরকারের রাজস্ব তহবিল হতে বেতন-ভাতা ও পেনশন সুবিধা পেয়ে থাকেন। অথচ জনসেবকের মূল দায়িত্ব পালনকারী সংস্থা স্থানীয় সরকারের মূল প্রতিষ্ঠান পৌরসভার কর্মকর্তা-কর্মচারী এসব সুবিধা থেকে বঞ্চিত।

মানববন্ধন থেকে একই সাথে পৌর কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতা জরুরী ভিত্তিতে প্রদানেরও দাবি জানানো হয়। মানববন্ধন ও পথসভা শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা শাকিল মাহমুদের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারক লিপি প্রদান করা হয়।